কানাইঘাট উপজেলা ও পৌর কৃষকলীগের কমিটি গঠন

কানাইঘাট প্রতিনিধিঃ সম্মেলনের মাধ্যমে বাংলাদেশ কৃষকলীগ কানাইঘাট উপজেলা ও পৌর শাখার নতুন কমিটি গঠন করা হয়েছে। গত মঙ্গলবার বিকেল ৩টায় পৌর শহরের আল-রিয়াদ কমিউনিটি সেন্টারে উপজেলা ও পৌর কৃষকলীগের সম্মেলন অনুষ্টিত হয়।
সম্মেলনে সিলেট জেলা শাখা কৃষকলীগের সভাপতি নিজাম উদ্দিন, সাধারণ সম্পাদক সামছুল ইসলাম সহ নেতৃবৃন্দের উপস্থিতিতে সর্বসম্মতিক্রমে পুণরায় শাহাব উদ্দিন চৌধুরীকে সভাপতি ও মোঃ আবুল হারিছকে সাধারণ সম্পাদক নির্বাচিত করে কানাইঘাট উপজেলা কৃষকলীগের আংশিক কমিটি এবং জুবেল আমিনকে সভাপতি ও রুবেল আহমদকে সাধারণ সম্পাদক নির্বাচিত করে পৌর কৃষকলীগের আংশিক কমিটি ঘোষণা করা হয়। পরবর্তীতে উপজেলা ও পৌর কৃষকলীগের পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে বলে দলীয় সূত্রে জানা গেছে।
এদিকে নবগঠিত উপজেলা ও পৌর কৃষকলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকবৃন্দ তৃণমূলের নেতাকর্মীদের মতামতের ভিত্তিতে কমিটি উপহার দেওয়ায় জেলা ও কেন্দ্রীয় কৃষকলীগের নেতৃবৃন্দের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন।